বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ০২২২৩৩৯৬৯৩১
E-mail:
dgmaccounts1@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)

নং প্রকা/হিসাব(শাখা-১)/কর শাখা-৩/২০২২-২০২৩/৪৫ তারিখঃ ২০-০৭-২০২২খ্রিঃ

১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয় ।
২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছর (কর বছর ২০২২-২০২৩) এর বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী 'এক্সেল ফরমেট'এ প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০১৮-২০১৯/ ৮৫(৬৩), তারিখ-০৬-০৮-২০১৮খ্রিঃ, পত্র নং প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০১৯-২০২০/৯৩২, তারিখ- ১২-০৫-২০২০খ্রিঃ, পত্র নং প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০১৯-২০২০/৯৬৭(১২৫০), তারিখ- ১৪-০৬-২০২০খ্রিঃ, হিসাব পরিপত্র নং-০৬, তারিখঃ ২৩-০৯-২০২০ এবং পত্র নং প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০২১-২০২২/৩১(১২৫০), তারিখ- ১৩-০৭-২০২১খ্রিঃ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উল্লেখিত বিষয়ে ২০২১-২০২২ অর্থবছর (কর বছর ২০২২-২০২৩) বৈতনিক আয়করের চূড়ান্ত বিবরণী এতদসঙ্গে সংযুক্ত এক্সেল ফরমেটে YFITS (Yearly Final IncomeTax Statement) প্রস্তুত করে ৩১-০৭-২০২২খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইল (dgmaccounts1 @krishibank.org.bd) যোগে অত্র বিভাগে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।

০৩। আয়করের চূড়ান্ত বিবরণী YFITS (Yearly Final Income Tax Statement) শুধুমাত্র করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর ২০২১-২০২২ অর্থবছরের তথ্য প্রেরণ করতে হবে।

০৪। আয়করের চূড়ান্ত বিবরণী YFITS (Yearly Final Income Tax Statement) দ্বৈততা পরিহার করার লক্ষ্যে একজন করযোগ্য কর্মকর্তা/কর্মচারী তাঁর বর্তমান কার্যালয়/শাখার মাধ্যমে তার তথ্য প্রেরণ করবেন। একাধিক কার্যালয়/শাখার মাধ্যমে আংশিকভাবে আয়করের তথ্য প্রেরণ করা যাবে না। সেক্ষেত্রে প্রত্যেক করদাতা কর্মকর্তা/কর্মচারীকে ৩০ জুন, ২০২২খ্রিঃ তারিখের কর্মস্থলের মাধ্যমে সম্পূর্ন অর্থবছরের (২০২১-২০২২) আয়করের তথ্য চূড়ান্ত প্রতিবেদনে অন্তর্ভূক্ত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৫। চূড়ান্ত প্রতিবেদনের প্রতিটি কলাম অবশ্যই যথাযথভাবে পূরণ করতে হবে। কোন কলাম খালি রাখা যাবে না। চূড়ান্ত বিবরণীর ২১নং কলামে প্রদর্শিত অর্থ করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর স্ব স্ব নামে সরকারি কোষাগারে জমা হবে (বৈতনিক আয়কর কর্তন সাপেক্ষে) এবং YFITS (Yearly Final Income Tax Statement) জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট কর অঞ্চলে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে MITS (Monthly Income Tax Statement) এর কোন ঘর খালি রেখে বিবরণী প্রেরণ করা যাবে না। চূড়ান্ত বিবরণীর ২১নং কলামে প্রদর্শিত প্রকৃত আয়করের অতিরিক্ত কর্তনকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যক্তির আগামী অর্থবছরের তার নিরূপিত আয়করের সঙ্গে সমন্বয়যোগ্য।

০৬। প্রতিটি শাখা সংযুক্ত এক্সেল ফরমেটে YFITS (Yearly Final IncomeTax Statement) প্রস্তুত করে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় অধিক্ষেত্রাধীন সকল শাখা ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের বিবরণী একীভূতকরণ পূর্বক একটি বিবরণী অত্র বিভাগে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় তার নিজ কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় ও আওতাধীন কর্পোরেট শাখাসমূহের বিবরণী একীভূতকরণ পূর্বক একটি বিবরণী অত্র বিভাগে প্রেরণ করবে। কোন অবস্থাতেই আলাদা আলাদা বিবরণী প্রেরণ করা যাবে না।

০৭। এতদবিষয়ে প্রয়োজনে অত্র বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব নাজমুল হুদা'র সাথে (মোবাইল-০১৯১১-৫৫৮৯১৭) যোগাযোগ করা যেতে পারে।

০৮। বিষয়টি জরুরী।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত,
20.07.2022
( খান তামজিদ আহমেদ )
উপমহাব্যবস্থাপক

নং প্রকা/হিসাব-১/কর শাখা-৩/২০২২-২০২৩/ ৪৫ তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ ঃ

১। চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, পর্ষদ সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়-১, ২ ও ৩ এর দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকাকে অনুরোধ করা হলো।
৬। নথি/মহানথি।

20.07.22
(আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক